



শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা, বাংলাদেশ
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন
ওয়েবসাইট: www.shu.edu.bd

নম্বর: ৩৭.০১.৭২০১.০৩৫.৩১.০০১.২৩.১

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ইনোভেশন শোকেজিং (প্রদর্শনীর) এর জন্য প্রকল্প আন্ধান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিম কর্তৃক একটি ইনোভেশন প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। উক্ত প্রদর্শনীতে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষার্থীরা টিম হিসেবে অথবা স্বতন্ত্রভাবে প্রকল্প প্রদর্শন করতে পারবে।

রেজিস্ট্রেশন শুরু: ০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

রেজিস্ট্রেশনের লিংক: <https://forms.gle/aGTAJTqDVTpYosDP6> (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.shu.edu.bd -

এ প্রদর্শিত লিংকে ক্লিক করেও রেজিস্ট্রেশন করা যাবে)

রেজিস্ট্রেশন সমাপ্ত: ১২ মার্চ ২০২৪ খ্রি.

প্রদর্শনীর তারিখ: ১৭ মার্চ ২০২৪ খ্রি.

প্রদর্শনীর স্থান: অস্থায়ী ক্যাম্পাস, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;

শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন ও পুরস্কার বিতরণ: ২৬ মার্চ ২০২৪ খ্রি.

সমন্বয়ক: জনাব আব্দুল্লাহ আল সিয়াম, প্রভাষক, সিএসই বিভাগ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;

প্রদর্শনীর জন্য অংশগ্রহণকারীদের জন্য সাধারণ নির্দেশাবলী

০১) স্বতন্ত্রভাবে অথবা টিম হিসেবে প্রকল্প প্রদর্শন করা যাবে। তবে টিমের সদস্য সংখ্যা ০৩ (তিন) জনের বেশি হতে পারবে না।

০২) একজন শিক্ষার্থী ০১ টি এর বেশি প্রকল্প প্রদর্শন করতে পারবে না।

০৩) প্রকল্পটি অবশ্যই বাস্তবে প্রয়োগযোগ্য হতে হবে। রেজিস্ট্রেশন ফরমের নির্ধারিত স্থানে প্রচলিত পদ্ধতিতে সেবা প্রাপ্তি ও প্রদর্শিত প্রকল্প হতে সেবা প্রাপ্তির ধাপসমূহের ফ্লো-চার্ট (পিডিএফ আকারে) দাখিল করতে হবে।

০৪) রেজিস্ট্রেশনের সময় নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রকল্প হতে প্রাপ্ত সেবার TCV বিশ্লেষণীর (T=Time, C=Cost এবং V=Visit) সফট কপি (পিডিএফ আকারে) দাখিল করতে হবে।

TCV বিশ্লেষণী					
প্রকল্পের নাম:					
সেবার নাম:					
প্রচলিত পদ্ধতিতে সেবা প্রাপ্তির TCV (প্রযোজ্য হলে)			এই প্রকল্পের আওতায় সেবা প্রাপ্তির TCV		
সেবা পেতে কতক্ষণ সময় লাগে?	সেবা পেতে কত টাকা খরচ হয়?	সেবা পেতে কতবার সেবাদানকারীর নিকট যেতে হয়?	সেবা পেতে কতক্ষণ সময় লাগে?	সেবা পেতে কত টাকা খরচ হয়?	সেবা পেতে কতবার সেবাদানকারীর নিকট যেতে হয়?

০৫) রেজিস্ট্রেশন ফি-এর জন্য কোন অর্থ পরিশোধ করতে হবে না।


০৬) ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারকারী অংশগ্রহণকারী প্রকল্পের জন্য উদ্ভাবক/টিমকে আকর্ষণীয় পুরস্কার, ফ্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হবে।

০৭) প্রদর্শনীতে অংশগ্রহণকারী উদ্ভাবকদের কোন প্রকল্পকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জাতীয় পর্যায়ের কোন প্রদর্শনীতে প্রেরণ করার অধিকার সংরক্ষণ করবেন।

০৮) প্রকল্পের স্বত্ব সংশ্লিষ্ট সকল দায়-দায়িত্ব অংশগ্রহণকারীর। কোন প্রকল্প প্ল্যাগরিজমে অভিযুক্ত হলে অংশগ্রহণকারী এর জন্য দায়ী থাকবে।

০৯) প্রদর্শনীর বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।



৩১-০১-২০২৪
ড. মোহাম্মদ হানুন-অর-রশিদ
রেজিস্ট্রার

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যানবৃন্দ, সকল, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
- ২। অফিস প্রধান, সকল, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
- ৩। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৪। শিক্ষকবৃন্দ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
- ৫। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৬। বিকল্প ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৮। কম্পিউটার অপারেটর, রেজিস্ট্রার দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় এবং
- ৯। শিক্ষার্থীবৃন্দ, সকল বিভাগ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।



সকল সংযুক্তিসমূহ:

- (১) TCV বিশ্লেষণী ছক